# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।
www. sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com

স্মারক নং ঃ সিশিবো/পনি/মাধ্য/২০২৪/৩৭৭

তারিখ: ০৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
১৯ অক্টোবর ২০২৩ খ্রি.

## ২০২৪ সালের এসএসসি পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয় সমূহের প্রধান শিক্ষক এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, ২০২৪ সালে অনুষ্ঠিতব্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার online এ ফরম পূরণ ও প্রয়োজনীয় ফি সিলেট শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ, ফি এর হার ও নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো।

১। Online এ শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা (probable list) ওয়েব সাইটে (hhps://sylhetboard.gov.bd) প্রদর্শন ২৯/১০/২০২৩ তারিখ থেকে প্রদর্শিত হবে। উক্ত সম্ভাব্য তালিকা থেকে ৩০/১০/২০২৩ থেকে ০৭/১১/২০২২ তারিখের মধ্যে Online এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ (eFF) সম্পন্ন করতে হবে।

(ক) প্রতিষ্ঠান সমূহ সিলেট শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে student Management-eFF confirmation এ ক্লিক করে EIIN ও Password দিয়ে Login করতে হবে। Probable list Print করে হার্ড কপিতে লাল কালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী নির্ধারণ করতে হবে।

(খ) উক্ত হার্ড কপি Probable list এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটার এ প্রদর্শনকৃত Probable list থেকে Select করতে হবে।

(গ) Temporary List Print করে ভালোভাবে যাচাই/বাছাই করে প্রয়োজন হলে Select/Unselect করা যাবে।

(ঘ) এরপর Pay Slip Print করতে হবে। নিকটস্থ সোনালী ব্যাংকের নিম্নে প্রদত্ত তারিখ অনুযায়ী (ক্রমিক-৩) সোনালী ব্যাংকের যেকোন শাখায় সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দিতে হবে।

(ঙ) Final Candidate List Print করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করে প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

(চ) বিলম্ব ফি সহ ১০/১১/২০২৩ হতে ১৩/১১/২০২৩ পর্যন্ত Online- এ ফরম পূরণ (eFF) করা যাবে।

২। পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপি শিক্ষা প্রতিষ্ঠানে ০১ (এক) কপি সংরক্ষণ করতে হবে।

৩। ফি জমার সর্বশেষ তারিখঃ ০৮/১১/২০২৩ এবং বিলম্ব ফি সহ ১৪/১১/২০২৩ খ্রি. পর্যন্ত।

| ক্রমিক নং | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীসহ আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়/বিষয়সমূহে ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীগণের ২০২৩ সালের পরীক্ষার্থীগণের ২০২৪ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহনের জন্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বরাবরে সাদা কাগজে আবেদন করতে হবে। | ২৯/১০/২০২৩ খ্রি. |
| (খ) | নির্বাচনী (টেস্ট) পরীক্ষা গ্রহন ও ফলাফল প্রকাশের শেষ তারিখ: | ২৬/১০/২০২৩ খ্রি. |
| (গ) | অনলাইনে ফরম পূরণ বিলম্ব ফি ছাড়া | ৩০/১০/২০২৩ হতে ০৭/১১/২০২৩ খ্রি. |
| (ঘ) | বিলম্ব ফি ছাড়া অনলাইনে ফি জমা দেয়ার শেষ তারিখ: | ০৮/১১/২০২৩ খ্রি. |
| (ঙ) | **Finalization Date** | ০৯/১০/২০২৩ খ্রি. |
| (চ) | বিলম্ব ফি সহ অনলাইনে ফরম পূরণ | ১০/১১/২০২৩ হতে ১৩/১১/২০২৩ খ্রি. |
| (ছ) | পরীক্ষার্থী প্রতি ১০০.০০ (একশত) টাকা হারে বিলম্ব ফিসহ অনলাইনে ফি জমা দেওয়ারশেষ তারিখ: | ১৪/১১/২০২৩ খ্রি. |
| (জ) | **Finalization Date (বিলম্ব ফি এর ক্ষেত্রে)** | ১৫/১১/২০২৩ খ্রি. |

**পরীক্ষার মাধ্যম:**

৪। বাংলা ও ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। কোন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নিম্নের ছক অনুযায়ী ০১ (এক) কপি তালিকা উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক ) এর নিকট হাতে হাতে ৩০/১০/২০২৩ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভার্সন পরীক্ষা গ্রহণ করা সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন। ইতোমধ্যে যে সকল প্রতিষ্ঠান চাহিদাপত্র দাখিল করেছেন তাদের পুনরায় দাখিল করার প্রয়োজন নেই।

ছকঃ

| শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা | শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা | শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |
| | | | | | | | | |